# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মজলিসের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

এমন জায়গায় বসবেন না, যেখানে বসলে পাপ হওয়ার আশঙ্কা আছে

রাসুল (ﷺ) বলেন, ‘‘খবরদার! তোমরা রাস্তার ধারে বসো না। আর একান্তই যদি বসতেই হয়, তাহলে তার হক আদায় করো।’’ লোকেরা জিজ্ঞাসা করল, ‘রাস্তার হক কি? হে আল্লাহর রসূল!’ তিনি বললেন, ‘‘দৃষ্টি সংযত রাখা, কাউকে কষ্ট দেওয়া হতে বিরত থাকা, সালামের জবাব দেওয়া, সৎকাজের আদেশ ও মন্দ কাজে বাধা দান করা (এবং পথভ্রষ্টকে পথ বলে দেওয়া)।’’[1]

অনুরূপ বাড়ির ছাদে বা এমন উঁচু জায়গায় বসতেও নিষেধ করেছেন আমাদের আদর্শ নবী মুহাম্মাদ (ﷺ)।[2]

## ফুটনোট

[1]. আহমাদ, বুখারী, মুসলিম, আবূ দাঊদ, সহীহুল জা’মে হা/২৬৭৫

[2]. সিলসিলাহ সহীহাহ ৬/১৪-১৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=8043

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন